# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 24 April, 2025

বাগেরহাটের মোল্লাহাটে মুক্তিপনের উদ্দেশ্যে আটকে রাখা ৩ শ্রীলঙ্কান নাগরিককে উদ্ধার করেছে পুলিশ।বুধববার (২৩ এপ্রিল) গভীর রাত সাড়ে ১২টার দিকে দক্ষিন আমবাড়ি গ্রামের এমদাদ কাজীর বাড়ি থেকে এদের উদ্ধার করা হয়।এসময় অপহরণের সাথে জড়িত ৪ জনকে আটক করেছে পুলিশ।

উদ্ধার শ্রীলঙ্কান নাগরিকরা হলেন, মালাভি পাথিরানা, পাথিরানা, থুপ্পি মুদিইয়ানসেল্যাগ নীল।

আটককৃতরা হলেন, উপজেলার দক্ষিন আমবাড়ি এলাকার সেরাত কাজীর ছেলে কাজী এমদাদ হোসেন(৫২), সবুর শেখের ছেলে শহিদুল শেখ(২৪) ও গোপালগঞ্জ সদর উপজেলার খাটিয়াগড় গ্রামের জাকির শেখের ছেলে জনি শেখ(৩৮) ও চরকুলিয়া এলাকার এসএম শাহাব উদ্দিনের ছেলে এস এম সামসুল আলম (৪৫)।এদের মধ্যে সামসুল আলমকে বৃহস্পতিবার সকালে আটক করে পুলিশ।আটককৃতদের বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

পুলিশ সূত্রে জানা গেছে, উদ্ধার হওয়া তিন শ্রীলঙ্কার নাগরিকের মধ্যে একজন নারী রয়েছেন।ওই তিনজনের মধ্যে দুজন বাগেরহাটের শহিদুল শেখ নামের এক ব্যক্তির ব্যবসায়িক আমন্ত্রণে গত ২২ এপ্রিল ঢাকায় এসেছিলেন।পরবর্তীতে শ্রীলঙ্কায় তাঁদের পরিবারকে ফোন করে বাংলাদেশের একটি নম্বর থেকে মুক্তিপণ দাবি করা হয়।

বাগেরহাটের পুলশ সুপার মোঃ তৌহিদুল আরিফ বলেন, খবর পেয়ে পুলিশ অভিযান চালিয়ে মুক্তিপনের উদ্দেশ্যে আটকে রাখা তিন শ্রীলঙ্কান নাগরিককে উদ্ধার করা হয়েছে।অপহরণের সাথে জড়িত ৪ জনকে আটক করা হয়েছে।এঘটনায় পরবর্তী আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

পুলিশ বাগেরহাট নাগরিক

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 01:12

URL: https://www.timestodaybd.com/across-the-country/1367587731